দৈনিক জনকণ্ঠ

তারিখ ...JUL... 22 1999

পৃষ্ঠা 8 কলাম 8

# সাতক্ষীরা মহিলা কলেজ বন্ধ ঘোষণা ॥ ছাত্রীদের বিক্ষোভ কর্মসূচী

সাতক্ষীরা, ২১ জুলাই নিজস্ব সংবাদদাতা॥ সাতক্ষীরা সরকারী মহিলা কলেজ মঙ্গলবার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত ছাড়াই কলেজ বন্ধ ঘোষণার প্রতিবাদে কলেজ ক্যাম্পাসে অধ্যক্ষকে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। এদিকে কলেজের বিরাজমান পরিস্থিতির অবসানের দাবিতে মহিলা কলেজ ইউনিটের বিসিএস সাধারণ শিক্ষা সমিতি ও সরকারী কলেজ শিক্ষক পরিষদ যৌথ সংবাদ সম্মেলনে অধ্যক্ষের বিরুদ্ধে ২৩ দফা অভিযোগ এনে শিক্ষামন্ত্রীসহ শিক্ষা সচিবের হস্তক্ষেপ কামনা করেছেন।

এদিকে কলেজ পরিস্থিতির অবসানসহ অধ্যক্ষের বিরুদ্ধে ২৩ দফা অভিযোগ এনে কলেজের দুটি শিক্ষক ইউনিট সাতক্ষীরা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেছেন ১৯ জুলাই। ২০ জুলাই কলেজ অধ্যক্ষ কোন পূর্ব আলোচনা ছাড়া এবং একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত ছাড়াই কলেজ অনিবার্য কারণবশত অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে। এই ঘটনার প্রতিবাদে সাধারণ ছাত্রী ঐক্য পরিষদ অধ্যক্ষ আব্দুল মুত্তালিব চৌধুরীকে কলেজ ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করেছে।